

নমুনা প্রশ্ন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ওপেন স্কুল
বিবিএ প্রোগ্রাম (বাংলা মাধ্যম)
কোর্স কোড: OSBBA-2405
কোর্সের নাম: বিপণন ব্যবস্থাপনা

পূর্ণমান: ৪০

সময়: ২ ঘণ্টা

[দ্রষ্টব্য: যে কোনো ৪ (চার) টি প্রশ্নের উত্তর লিখুন। ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রশ্নের প্রতিটি অংশ ধারাবাহিকভাবে লিখতে হবে।]

- ১। ক) 'বিপণন বলতে সন্তোষজনকভাবে ক্রেতা বা ভোক্তার প্রয়োজনসমূহ পূরণকে বোঝায়' - উক্তিটি ব্যাখ্যা করুন। ০২
খ) ব্যবসায়িক বিক্রয় ও বিপণন কার্যক্রম কী একই বিষয়? আপনার উত্তরের স্বপক্ষে যুক্তি দিন। ০৩
গ) বিপণন ব্যবস্থাপনার পাঁচটি মতবাদ সংক্ষেপে উদাহরণসহ আলোচনা করুন। ০৫
- ২। ক) কৌশলগত পরিকল্পনা কাকে বলে? ০২
খ) বোস্টন কনসাল্টিং গ্রুপ (BCG) অ্যাপ্রোচ কী সংক্ষেপে লিখুন। ০৩
গ) পণ্যের প্রবৃদ্ধির চারটি কৌশল চিত্র ও উদাহরণসহ আলোচনা করুন। ০৫
- ৩। ক) বিপণন পরিবেশ বলতে কী বোঝায়? ০২
খ) বিপণনকারী ব্যাপ্তিক পরিবেশের উপাদান নিয়ন্ত্রণ করতে পারে- উক্তিটি কি সঠিক? আপনার মতামত দিন ও যুক্তি দিয়ে বুঝিয়ে লিখুন। ০৩
গ) বাংলাদেশের প্রেক্ষিতে বর্তমানে প্রযুক্তির উৎকর্ষতা কিভাবে বিপণনে প্রভাব বিস্তার করেছে?- উদাহরণসহ আলোচনা করুন। ০৫
- ৪। ক) ভোক্তা আচরণ কী? ০২
খ) ভোক্তা আচরণ মডেল সংক্ষেপে আলোচনা করুন। ০৩
গ) ধরুন, আপনি একটি টেলিভিশন ক্রয় করবেন। টেলিভিশন ক্রয় করার সময় একজন ভোক্তা হিসেবে আপনার ক্রয় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার ধাপসমূহ ব্যাখ্যা করুন। ০৫
- ৫। ক) উদাহরণসহকারে কোটির বিপণনের সংজ্ঞা লিখুন। ০২
খ) ক্রেতা-চালিত বাজার কৌশল কীভাবে নির্ধারিত হয় চিত্রের সাহায্যে সংক্ষেপে লিখুন। ০৩
গ) আপনি একটি গাড়ি কোম্পানির বিপণন ব্যবস্থাপক হিসেবে কতভাবে ভোক্তা বাজারকে বিভক্ত করতে পারেন? আলোচনা করুন। ০৫
- ৬। ক) ব্র্যান্ড বলতে কী বোঝায়? ০২
খ) একটি পণ্যের উদাহরণ দিয়ে পণ্যের স্তরসমূহ চিত্রসহ লিখুন। ০৩
গ) নতুন পণ্য উন্নয়ন সিদ্ধান্তের প্রক্রিয়া সংক্ষেপে আলোচনা করুন। ০৫